৪৭

দৈনিক ইনকিলাব

তারিখ 2 1 MAY 1997
পৃষ্ঠা 7 কলাম 8

# ঢাঃ বিঃ ভিসি ও অর্থনীতি বিভাগের চেয়ারম্যানের বিরুদ্ধে রুলনিশি জারি

স্টাফ রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের প্রফেসর এ এইচ এম মাহবুবুল আলমের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট কর্তৃক গঠিত দু'টি তদন্ত কমিটির রিপোর্ট কেন অবৈধ পদক্ষেপ, বৈধ কর্তৃত্বহীন ও আইনগত কার্যকারিতাবিহীন বলে ঘোষণা করা হবে না— এই মর্মে আগামী ৬ সপ্তাহের মধ্যে কারণ দর্শানোর জন্য হাই কোর্ট ঢাকা

১১-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## রুলনিশি জারি

প্রথম পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর, সিন্ডিকেট, রেজিস্ট্রার ও অর্থনীতি বিভাগের চেয়ারম্যানের বিরুদ্ধে রুলনিশি জারি করেছে। বিচারপতি মোঃ মোজাম্মেল হক ও বিচারপতি মোঃ হাসান আমিন সমন্বয়ে গঠিত হাই কোর্টের একটি ডিভিশন বেঞ্চ এই রুলনিশি জারি করেন। অর্থনীতি বিভাগের প্রফেসর এ এইচ এম মাহবুবুল আলমের এক রীট আবেদনের প্রেক্ষিতে আদালত এই রুল জারি করেন। আদালত একই সঙ্গে এই রীট আবেদন নিষ্পত্তি না হওয়া পর্যন্ত প্রফেসর মাহবুবুল আলমের বিরুদ্ধে আর কোন আইনগত ও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ থেকে বিরত থাকার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি স্থগিতাদেশ জারি করেন।

প্রফেসর মাহবুবুল আলম তার রীট আবেদনে তার বিরুদ্ধে অর্থনীতি বিভাগের একাডেমিক কমিটির আনীত অভিযোগ তদন্ত করতে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট যে দু'টি তদন্ত কমিটি গঠন করে তা বিশ্ববিদ্যালয় আইনের চরম লংঘন বলে অভিযোগ করে বলেন, তিনি বিশ্ববিদ্যালয়ে স্বার্থান্বেষী মহলের বিদ্বেষ ও ষড়যন্ত্রমূলক দলাদলির শিকার। তার পক্ষে রীট আবেদন পরিচালনা করেন সুপ্রীম কোর্টের সিনিয়র এডভোকেট আবদুর রব চৌধুরী।